Final

# Secondary School Examination 2022

## Annual ( Model Question Paper )

**Subject Code-102** **Subject- MIL – BANGLA**

Candidates are required to give their answer in their own words as far as practicable.

figure in the Margin indicate full marks.

Time : 03 Hours 15 Minutes Full Marks : 100

Total number of question 100+05 = 105 Total number of page - 13

**পরীক্ষার্থীর জন্য নির্দেশ / Instraction for the candidate-**

1 . পরীক্ষার্থীকে তার OMR উত্তর পত্রে প্রশ্ন পুস্তিকার ক্রমিক নম্বর ( 10 অঙ্কের ) অবশ্যই লিখতে হবে ।

Candidates must enter his / her question booklet serial no ( 10 Digits ) in the OMR Answer sheet .

2. যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও ।

Candidate or required to give their answer in their own words as far as practicable .

3. প্রশ্নপত্রের ডানদিকে প্রশ্নগুলো কত মানের বা মূল্যের তা নির্ধারণ করা আছে।

Figures in the right hand margin indicate full marks .

4. প্রশ্নপত্রগুলি মনোযোগ সহকারে পড়ার জন্য অতিরিক্ত ১৫ মিনিট সময় দেওয়া হয়েছে।

15 minutes of extra time has been allowed for the candidate to read the question carefully .

5. প্রশ্নপত্রটিকে দুটি ভাগে ভাগ করা হয়েছে – খণ্ড - "ক" এবং খন্ড - "খ" ।

The question paper is divided into two parts - Section "A" & Section "B"

6. খন্ড "ক"তে 100টি বস্তুনিষ্ঠ প্রশ্ন আছে ( অর্থাৎ সঠিক উত্তরটি বেছে নাও) তার মধ্যে যেকোনো ৫০টি প্রশ্নের উত্তর অবশ্যই দিতে হবে । প্রতিটি প্রশ্নের মান এক অর্থাৎ 50×1 = 50 । 50 টির অধিক উত্তর গণ্য করা হবে না । প্রথম যে 50টির উত্তর লেখা হবে তারই মূল্যায়ন হবে । উত্তরগুলি OMR উত্তরপত্রে প্রদত্ত নির্ধারিত সঠিক গোলাকার বৃত্তগুলি কালো অথবা নীল বলপেন দিয়ে ভরতে হবে । OMR উত্তরপত্রে কোন রকম হোয়াইটনার / তরল পদার্থ / ব্লেড / নখ ইত্যাদি্র প্রয়োগ করা চলবে না। অন্যথা মূল্যায়ন অগ্রাহ্য হবে ।

In section "A" there are 100 objective type question in which only 50 questions are to be answer . First 50 Answer will be evaluated , in case of more than 50 questions are answer . each carries 01 Mark i.e 50×01 = 50 is compulsory .extra answer should not be counted . Darken the circle with black / blue ball pen against the correct option on OMR Sheet provided to you . Do not use Whitener / Liquate / Blade / Nail on OMR paper, otherwise the result will be invalid .

7. খণ্ড "খ" তে অতিসংক্ষিপ্ত প্রশ্ন এবং দীর্ঘ উত্তর ভিত্তিক প্রশ্ন আছে ।
In section " B" - there are short answer type question and long answer type question .

8. কোনপ্রকার ইলেকট্রনিক যন্ত্রের প্রয়োগ করা চলবে না।
Use of any electronic Device is strictly prohibited.

## খন্ড " ক" Section "A"

**বস্তুনিষ্ঠ প্রশ্ন / Objective Type Question**

Multiple Choice Question / সঠিক উত্তরটি বেছে নাও

যেকোনো **50 টি** প্রশ্নের উত্তর দাও 50× 1 = 50

1. "ছেলেদের খেলা" - রচনাটির লেখক কে?

(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) বঙ্কিমচন্দ্র (C) শরৎচন্দ্র (D) কোনটাই নয়।

2. পদাতিক সৈন্যদের জ্বালায় কার মনে সুখ ছিল না ?

(A) ছেলেদের (B) লেখকের (C) মাঝিদের (D) কোনটাই নয়

3. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল প্রাইজ পেয়েছিলেন ?

(A) ১৯১৩ (B) ১৯১৪ (C) ১৯১৭ (D) কোনটাই নয়

4. উত্তরায়নের পর্ণকুটির কোথায় তৈরি হওয়ার কথা ছিল ?

(A) শান্তিনিকেতন (B) বোলপুরে (C) কলকাতায় (D) কোনটাই নয়

5. "গহনবনের" গল্প বইটি আসলে কার ছিল ?

(A) খগেনের (B) রত্নার (C) বাচ্চুর (D) কোনটাই নয়

6. প্রকাশকের দোকান থেকে বইটি হাতে নিয়ে লেখক কোথায় এসে বসলেন ?

(A) এসপ্লানেটে (B) গড়ের মাঠে (C ).ভিক্টোরিয়াতে (D) কোনটাই নয়

7. "আমি তোমাকে একা আঁধারে ছেড়ে দিতে পারি না" -একথা কাকে বলা হয়েছিল?

(A). দিনেশ রায় (B) মনতোষ (C) সতীশ কুন্ডু (D) কোনটাই নয়

8. ফুটবলের মতো কিক করে ডেনিস কম্পটন কাকে আউট করেছিলেন ?

(A) বিজয় মার্চেন্ট (B) লেন হাটন (C) ট্রেভর বেইলী (D) কোনটাই নয়

9. অ্যাংলো ইন্ডিয়ানরা ধর্ম গত ভাবে কি ছিল ?

(A) ক্রিস্টান (B)পাঞ্জাবি (C) তুর্কি (D) কোনটাই নয়

10. পূর্ব বাংলার ভাষা আন্দোলনে তারা কোন ভাষাকে মাতৃভাষা রূপে স্বীকার করল ?

(A) বাংলা ভাষা (B) ইংরেজি ভাষা (C) উর্দু ভাষা (D) কোনটাই নয়

11. বাউল সংগীতের প্রধান বাদ্যযন্ত্র কি ?

(A) একতারা (B) বেহালা (C) বাঁশি (D) কোনটাই নয়

12. জীবক কোন যুগের একজন স্বনামধন্য চিকিৎসক ছিলেন ?

(A) বৌদ্ধযুগ (B) মোগলযুগ (C) মৌর্যযুগ (D) কোনটাই নয়

13. বিম্বিসার কোথাকার সম্রাট ছিলেন ?

(A) মগধ (B) গৌড় (C) অবধ (D) কোনটাই নয়

14. বিজয় মার্চেন্ট কোন দেশের খেলোয়াড় ছিলেন ?

(A) ভারত (B) ইংল্যান্ড (C) অস্ট্রেলিয়া (D) কোনটাই নয়

15. লোকটা কোন ছাপের টর্চ বিক্রি করতো ?

(A) সূর্যছাপ (B) চন্দ্রছাপ (C) তারাছাপ (D) কোনটাই নয়

16. ভৈরব , জৌনপুরী, কোমল ভীম পলশ্রী- এইসব রাগ কার সৃষ্টি ?

(A) আলাউদ্দিন খান (B) আলী আকবর খান (C) বিসমিল্লা খান (D) কোনটাই নয়

17. উত্তর ভারতের সবচেয়ে বিখ্যাত সঙ্গীত শিক্ষার পীঠস্থান কোন ঘরানা ?

(A) সেনিয়া ঘরানা (B) মাইহার ঘরানা (C) ওয়াজির ঘরানা (D) কোনটাই নয়

18. মঙ্গলকাব্য কোন যুগের সাহিত্য ?

(A) মধ্যযুগ (B) প্রাচীনযুগ (C) আধুনিকযুগ (D) কোনটাই নয়

19. "মেঘনাদবধ কাব্য" কে কোন বিশেষ আখ্যা দেওয়া হয়েছে ?

(A) সাহিত্যিক মহাকাব্য (B) রামায়ণ গাথা (C) চরিত্র কাব্য (D) কোনটাই নয়

20. Elihu Root কে ছিলেন ?

(A) আইনজীবী (B) দার্শনিক (C) শিল্পপতি (D) কোনটাই নয়

21. পাটনা ও উত্তর বিহারের রাজবন্দী ভূমিকম্প পীড়িত হয়েছিল কোন সালে?

(A) ১৯৩৪ (B) ১৯৩৫ (C) ১৯৩৮ (D) কোনটাই নয়

22. ওস্তাদ আলাউদ্দিন খান কত বছর জীবিত ছিলেন ?

(A) ১১০ (B) ১১১ (C) ১১২ (D) কোনটাই নয়

23. বাংলা গদ্য সাহিত্যের সূচনা কাদের প্রচেষ্টায় হয়েছিল ?

(A) শ্রীরামপুর মিশন, ফোর্ট উইলিয়াম কলেজ (B) রামনারায়ণ তর্করত্ন (C) বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ (D) কোনটাই নয়

24. বাংলা "বর্ণ পরিচয়" পুস্তিকাটি কার রচনা ?

(A) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (B) রবীন্দ্রনাথ (C) উইলিয়াম কেরী (D) কোনটাই নয়

25. বাংলা গীতিকাব্যের প্রথম সার্থক রচয়িতা কে ?

(A) বিহারীলাল চক্রবর্তী (B) প্রমথ চৌধুরী (C) অমৃতলাল বসু (D) কোনটাই নয়

26. "বৈরাগ্য" শব্দের অর্থ কি ?

(A) যোগী (B) তপস্বী (C) বৈরাগী (D) কোনটাই নয়

27. সুভাষ কাকিমাকে শুদ্ধ হবার জন্য কি করতে হবে ?

(A) স্নান (B) প্রায়শ্চিত্ত (C) ক্ষমাপ্রার্থনা (D) কোনটাই নয়

28. "অনাচার" - গল্পটি কার লেখা

(A) আশাপূর্ণা দেবী (B) সতীনাথ ভাদুড়ী (C) কালকূট (D) কোনটাই নয়

29. "অঙ্গরী সংবাদ" - কবিতাটি কোন মহাকাব্যের একটি অংশ ?

(A) রামায়ণ (B) মহাভারত (C) ইলিয়ড (D) কোনটাই নয়

30. বায়ুর পুত্রের কি নাম ছিল ?

(A) হনুমান (B) পর্বত (C) সিন্ধু (D) কোনটাই নয়

31. "সেথা হতে ফিরিগেল চলি ধীরে বধু ——— ঘরে" -

(A) অমিতার (B) শুক্লার (C) মহিষীর (D) কোনটাই নয়

32. "চমকি উঠিল শুনি ——— চাহিয়া দেখিল যারে" -

(A) কিঙ্কিণী (B) শিঞ্জিনী (C) ঘণ্টাধ্বনি (D) কোনটাই নয়

33. 'নিশাকর' - শব্দের অর্থ কি ?

(A) চাঁদ (B) তারা (C) সূর্য (D) কোনটাই নয়

34. কিসের পতাকা নিয়ে সবাইকে এগিয়ে যাওয়ার কথা বলা হয়েছে ?

(A) কর্মের (B) ধর্মের (C) জাতির (D) কোনটাই নয়

35. কবিতাটিতে খেয়া নৌকার মাঝি কে ?

(A) ভগবান (B) পাটনি (C) পথিক (D) কোনটাই নয়

36. বাংলার দক্ষিণে ——— রয়েছে ।

(A) সুন্দরবন (B) তরাই অঞ্চল (C) ভূমির খন্ড (D) কোনটাই নয়

37 যিনি আমাদের জন্ম দেন তাকে কি বলা হয় ?

(A) জননী (B) মাসি (C) নারী (D) কোনটাই নয়

38. "আমার ——— মাকে কখনো আমি মুখ ফুটে বলতে পারিনি" । -

(A) ভালোবাসার (B) ভালো লাগার (C) আনন্দের (D) কোনটাই নয়

39. "ভৌগলিক" কবিতাটির লেখক কে ?

(A) প্রেমেন্দ্র মিত্র (B) মুকুন্দদাস (C) সুভাষ মুখোপাধ্যায় (D) কোনটাই নয়

40. "পথে-ঘাটে সর্বত্র, একটা কথাই ——— "

(A) পলিউশন (B) সলিউশন (C) সমাধান (D) কোনটাই নয়

41. " আমি তো গাছ, জ্বলন্ত ——— "

(A) ডালপালা (B) আশপাশ (C) গাছগাছালি (D) কোনটাই নয়

42. রাণী কহে রোষে "দূর করে দাও এই দীন দয়াময়ীরে" – এখানে দীন দয়াময়ীটি কে ?

(A) ভিক্ষুক কন্যা সুপ্রিয়া (B) মালতী (C) শ্রীমতি (D) কোনটাই নয়

43. "বুদ্ধ নিজ ভক্তগনে শুধালেন ——— "

(A) জনে জনে (B) একে একে (C) লোকজনে (D) কোনটাই নয়

44. "মূল্যপ্রাপ্তি" কবিতায় কোন মাসের শীতের কথা বলা হয়েছে ?

(A) অগ্রহায়ন (B) পৌষ (C) আষাঢ় (D) কোনটাই নয়

45. "অপমান বর" কবিতায় কবীর কে ছিলেন ?

(A) ভক্ত সাধক (B) বৈশ্য (C) ক্ষত্রিয় (D) কোনটাই নয়

46. " জুতা আবিষ্কার" গল্পে মন্ত্রীর নাম কি ?

(A) হবু (B) গোবু (C) ডাবু (D) কোনটাই নয়

47. 'কামিনী' শব্দটির অর্থ কি ?

(A) নারী (B) সোনা (C) রুপা (D) কোনটাই নয়

48. নগরলক্ষ্মীর কি নাম ছিল ?

(A) সুপ্রিয়া (B) মালতী (C) শ্রীমতী (D) কোনটাই নয়

49. কবি তার বুকের মাঝে এখনো রেখে দেন "শুধু ——— অ্যালবাম" ।

(A) স্মৃতিভরা (B) দুঃখভরা (C) বেদনাভরা (D) কোনটাই নয়

50. 'নিরঞ্জন' শব্দটির অর্থ কি ?

(A) উজ্জ্বল (B) নির্মল (C) মলিন (D) কোনটাই নয়

51. নিচের কোনটি ঠিক ।

(A) তৎ + জন্য (B) তদ+ জন্য (C) তজ + জন্য (D) কোনটাই নয়

52. মড়ার জন্য কান্না = মড়াকান্না – কী ধরনের সমাস ।

(A) তৎপুরুষ সমাস (B) বহুব্রীহি সমাস (C) কর্মধারয় সমাস (D) কোনটাই নয়

53. পরস্পর সন্নিহিত দুটি বর্ণের মিলনকে কী বলে ?

(A) সন্ধি (B) সমাস (C) কারক (D) কোনটাই নয়

54. এক কথায় প্রকাশ করো - "যে নারীর নতুন বিয়ে হয়েছে" -

(A) নবোঢ়া (B) নবীনা (C) নববধূ (D) কোনটাই নয়

55. মীরা অপেক্ষা হীরা বেশি চতুর - এখানে অপেক্ষা কি অর্থে ব্যবহৃত হয়েছে ?

(A) অনুস্বর্গ (B) উপসর্গ (C) অব্যয় (D) কোনটাই নয়

56. "মরা লোকে তো আর কথা কয় না" - কি ধরনের বাক্য ?

(A) যৌগিক বাক্য (B) সরল বাক্য (C) জটিল বাক্য (D) কোনটাই নয়

57. আহা ! কি দেখিলাম । - ক্রিয়ার কোন ভাব প্রকাশিত ?

(A) বিস্ময় ভাব (B) অনুজ্ঞা ভাব (C) নির্দেশক ভাব (D) কোনটাই নয়

58. বহুপদটির একপদীকরণ হল – "যার দুবার জন্ম হয়"

(A) দ্বিজ (B) দ্বিবিজ (C) দ্বিজন্ম (D) কোনটাই নয়

59. পদের যে লক্ষণ বা বৈশিষ্ট্য দ্বারা ব্যক্তি বা বস্তুর সংখ্যা বোঝানো হয় তাকে ______ বলে।

(A) বচন (B) সমাস (C) কারক (D) কোনটাই নয়

60. " হতে" - কি ধরনের শব্দ?

(A) তদ্ভব (B) তৎসম (C) অর্ধ- তৎসম (D) কোনটাই নয়

61. "সীমান্ত"- শব্দটি অর্থ লেখ -

(A) শেষ সীমা (B) সীমাহীন(C) সীমার মাঝে (D) কোনটাই নয়

62. এক কথায় লিখ -- "পূজা করে যে" –

(A) পূজারী (B) পুজক (C) পুজ্য (D) কোনটাই নয়

63. বিপরীত শব্দ লিখ - "হিংসা" -

(A) অহিংসা (B) দ্বেষ (C) বিদ্বেষ (D) কোনটাই নয়

64. "বরষ" - কোন শব্দ থেকে এসেছে ?

(A) বর্ষ (B) বর্ষা (C) বৃষ্টি (D) কোনটাই নয়

65. "আগুয়ান" শব্দটির অর্থ লিখো –

(A) এগিয়ে চলা (B) পিছিয়ে চলা (C) অতিরিক্ত চলা (D) কোনটাই নয়

66. রতন <u>ময়নাকে</u> পড়াবে - রেখাঙ্কিত পদের কারক কোনটি ?

(A) কর্মকারক (B) কর্তৃকারক (C) করণকারক (D) কোনটাই নয়

67. অশুদ্ধি সংশোধন করো - কোনটি ঠিক ?

(A) অমাবস্যা (B) আমাবস্যা (C) অমবশ্যা (D) কোনটাই নয়

68. "যা চোখে দেখা যায়" - এক কথায় লিখ

(A) চাক্ষুষ (B) চক্ষুগত (C) চক্ষুগোচর (D) কোনটাই নয়

69. " পতঞ্জলি" - সন্ধি বিচ্ছেদ করো – কোনটি ঠিক ?

(A) পতা + অঞ্জলি (B) পতৎ + অঞ্জলি (C) পতা + জলি (D) কোনটাই নয়

70. " দুর্বল" শব্দটির বিপরীত শব্দ লিখ –

(A) সবল (B) নির্বল (C) বলযুক্ত (D) কোনটাই নয়

71. "প্রানধিক" শব্দটির সন্ধি বিচ্ছেদ করো ?

(A) প্রান + অধিক (B) প্রান + অধীক (C) প্রান + অধীকী (D) কোনটাই নয়

72. " অংশ" শব্দটির পদান্তর হলো -

(A) আংশিক (B) অংশু (C) অংশত্ব (D) কোনটাই নয়

73. "মাথা কাটা যাওয়া" শব্দটির অর্থ কি ?

(A) অপমানিত বোধ হওয়া (B) মাথা কেটে ফেলা (C) গর্বিত হওয়া (D) কোনটাই নয়

74. " দুর্ঘটনা খুব কম ঘটে" - এটি কি ধরনের বাক্য ?

(A) হ্যাঁ বাচক (B) না বাচক (C) বিস্ময়সূচক (D) কোনটাই নয়

75. " অনবরত পর্যটন করেন যে সন্ন্যাসী" তাকে কি বলে ?

(A) পরিব্রাজক (B) তীর্থযাত্রী (C) ভ্রমণকারী (D) কোনটাই নয়

76. "উজান ডিঙ্গি" - কবিতাটি কার রচনা ?

(A) মুকুন্দদাস (B) বুদ্ধদেব বসু (C) দেবাঞ্জন সেনগুপ্ত (D) কোনটাই নয়

77. " জনক ঝিয়ারী" কাকে বলা হয় ?

(A) সীতা (B) দ্রৌপদী (C) উর্মিলা (D) কোনটাই নয়

78. সবাইকে একদিন কোথায় যেতে হবে ?

(A) মরণসাগর পার (B) বিদ্যালয়ে (C) ঘরে (D) কোনটাই নয়

79. অন্নপূর্ণা কার মেয়ে ?

(A) আলাউদ্দিন খান (B) ওয়াজির আলী (C) আমজাদ আলী (D) কোনটাই নয়

80. "কাশ্যপ সংহিতা" - গ্রন্থটির লেখক কে ?

(A) জীবক (B) আত্রেয় (C) অভয় (D) কোনটাই নয়

81. দেবাঞ্জন সেনগুপ্ত লেখা কবিতা কোনটি ?

(A) ভৌগলিক (B) দূষণ হটাও (C) পথ দেখাবি না (D) কোনটাই নয়

82. আমি যা কিছু স্পর্শ করি সেখানেই ______ তুমি ।

(A) হে জননী (B) হে বন্ধু (C) হে প্রিয়া (D) কোনটাই নয়

83. "ছুন্নত দিলে হয় ________ ।"

(A) মুসলমান (B) হিন্দু (C) পাঞ্জাবি (D) কোনটাই নয়

84. বুদ্ধের দাসী কে ছিল ?

(A) শ্রীমতি (B) কুমারী শুক্লা (C) বধু অমিতা (D) কোনটাই নয়

85. ত্রিজটা কে ?

(A) রাক্ষসী (B) রাণী (C) সীতার সখী (D) কোনটাই নয়

86. "কৃষ্ণ" - কি ধরনের শব্দ ?

(A) তৎসম (B) তদ্ভব (C) অর্ধ - তৎসম (D) কোনটাই নয়

87. পদান্তর করো - "সাহিত্যিক" -

(A) সাহিত্য (B) সহিতত্ত্ব (C) সহিত্য (D) কোনটাই নয়

88. বাংলা সাহিত্যে রূপক সাংকেতিক নাটকের স্রষ্টা কে ?

(A) রবীন্দ্রনাথ (B) দ্বিজেন্দ্রলাল রায় (C) গিরিশচন্দ্র ঘোষ (D) কোনটাই নয়

89. আলাউদ্দিনের সংগীত শিক্ষার হাতে খড়ি কার কাছে হয় ?

(A) দাদা ফকির আফতাব উদ্দীন (B) নুলোগোপাল (C) অমৃত লাল দত্ত (D) কোনটাই নয়

90. "আত্রেয় সংহিতা" - কার লেখা ?

(A) গুরু আত্রেয় (B) জীবক (C) বিম্বিসার (D) কোনটাই নয়

91. অভয় কে ছিলেন?

(A) জীবকের পিতা (B) বিম্বিসারের পুত্র (C) মগধ সম্রাট (D) কোনটাই নয়

92. এক কথায় লিখ – " জলে ও স্থলে চরে যে" –

(A) উভচর (B) জলচর (C) স্থলচর (D) কোনটাই নয়

93. চা - চপ খেয়ে কুঞ্জ বাড়ি না গিয়ে কোথায় গেল ?

(A) স্কুলে (B) খেলতে (C) টিউশনি পড়তে (D) কোনটাই নয়

94. নীলুর কি অপারেশন হয়েছিল ?

(A) অ্যাপেন্ডিসাইটিস (B) লিভার (C) চোখ (D) কোনটাই নয়

95. "মানসী" কাব্য গ্রন্থটি কার লেখা ?

(A) রবীন্দ্রনাথ (B) নজরুল (C) সত্যেন্দ্রনাথ দত্ত (D) কোনটাই নয়

96. কবি মোটর গাড়ি চড়ে কোথায় যাচ্ছিলেন?

(A) চৌপাহারি জঙ্গল (B) শ্রীনিকেতন (C) কলকাতা (D) কোনটাই নয়

97. শার্দুল কোন প্রদেশের লোক ছিলেন?

(A) মধ্যপ্রদেশ (B) পশ্চিমবঙ্গ (C) অন্ধ্রপ্রদেশ (D) কোনটাই নয়

98. " পূজারিণী" কবিতাটির কবি কে ?

(A) রবীন্দ্রনাথ (B) জীবনানন্দ দাশ (C) নজরুল (D) কোনটাই নয়

99. " কন্যা তোমার ______ কেশ"

(A) মেঘবরণ (B) কুচবরণ (C) সেলেট রঙের (D) কোনটাই নয়

100. দূষণ প্রতিরোধের জন্য মানুষ তলে তলে কিসের উপায় করছে?

(A) সমাধানের (B) দূষণ বাড়াবার (C) প্রতিরোধের (D) কোনটাই নয়

## খণ্ড খ Section – B

**অতি সংক্ষিপ্ত উত্তর ভিত্তিক প্রশ্ন / Short Answer Type Question**

1 . অতি সংক্ষেপে লিখ ( যে কোনো দশটি ) $10 \times 2 = 20$

a. বিলুর জ্যাঠাইমা কেমন মহিলা ছিলেন ?

b. মালপত্রের নিচের থেকে বেরিয়ে বলরাম কি করছিল ?

c. বিজয় মার্চেন্ট কিভাবে ঐতিহাসিক আউট হয়েছিলেন ?

d. সুভাষ কাকিমা কিভাবে অত কষ্টের মধ্যে সংসার চালাতেন ?

e. অজাত শত্রু রাজা হয়ে কি রচনা করেন ?

f. কিসের ধোঁয়ায় দূষণ বেশি ?

g. করুণা কোথাকার মহিষী ?

h. হনুমান কার পুত্র ?

i. নোবেল কে আবিষ্কার করেছিলেন ?

j. কবির জন্য কে পূজোর চিঠি নিয়ে আসে ?

k. ওম শব্দটির অর্থ কি ?

l. কবীরের প্রতি ব্রাহ্মণদের রাগের কারণ কি ?

m. রঘুনাথ শিখ গুরুকে কি বলেছিলেন?

n. "রক্তকরবী" কোন শ্রেণীর নাটক ?

o. "পূজারিণী" কবিতায় বুদ্ধের স্তুপ কে নির্মাণ করেন ?

p. হাতের দশ আঙ্গুলে কার স্মৃতি রয়েছে ?

q মাস্টারমশাই রঞ্জনকে কিভাবে শাস্তি দিলেন ?

r. "চর্যাপদ" - এর অন্য নাম কি ?

s. ১৯৫৩ সালে লীডস মাঠে কোন দুই দেশের মধ্যে টেস্ট খেলা হচ্ছিল?

t. মাঝিরা নিজেদের মধ্যে মন খুলে হাসি গল্প করলে সৈন্যরা কি মনে করতো ?

## দীর্ঘ উত্তর ভিত্তিক প্রশ্ন / Long Answer Type Question

2.যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও(130 থেকে150 শব্দের ভিতর) $3\times 5 = 15$

a. "জুতা আবিষ্কার" গল্পে হবু রাজার সমস্যা কিভাবে সমাধান হল ?
b.জননী জন্মভূমিকে কবি নিজের কোন অনুভূতির কথা বলতে পারেননি?
c. আলাউদ্দিন খানের পারিবারিক জীবন সম্বন্ধে যা জানো লিখ ।
d. " দু চোখের কোণে কালিমা - কিন্তু চোখ দুটো যেন আগের তুলনায় অনেক উজ্জ্বল" - জীবকের সম্বন্ধে এ মন্তব্য কেন করা হয়েছে ?
e. হনুমান নিজের পরিচয় সীতাকে কিভাবে দিলেন ?
f. রবীন্দ্রনাথের সাহিত্য সাধনা বিষয়ে যা জানো লিখ ।

**3. যে কোন একটি বিষয় নিয়ে অনুচ্ছেদ লিখ ( 130 থেকে 150 শব্দের ভিতর) 05**

ক) একটি স্মরণীয় ঘটনা
খ) বিহারের বন্যা
গ) কোবিড 19, মহামারী
ঘ) বৃক্ষরোপণ ও সামাজিক জাগরণ

**4. হিন্দিতে অনুবাদ করো** 05

এটা কোন বই ? যে ছেলে পড়ে সে পাশ করবে । আপনি নিজে এই কাজ করতে পারেন। সে কি নিজেই চলে গেল ? আমরা শীঘ্র পৌঁছাব ।

অথবা

আপনি কোথায় যাচ্ছেন? আজ রবিবার । বাজার আজ বন্ধ থাকবে । কাল বাড়িতে রমা এবং সোমা আসবেন । আপনি বাড়িতেই থাকবেন ।

5. তোমার বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো। 05

অথবা

তুমি গরিব কৃষকের ছেলে। তোমার বিদ্যালয়ের মাইনে জমা করতে পারবে না বলে তুমি প্রধান শিক্ষকের কাছে বিদ্যালয়ের মাইনে কম করার জন্য আবেদন লেখো।